

স্মারক নং ৩১.৪৭.৪৯০০.০০৬.১৭.২৯০.১৮- ৮৪৭

তারিখ: ২৪/০৭/২৪খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু, সহকারী কমিশনার (ভূমি), নাগেশ্বরী, কুড়িগ্রাম ১৫/১০/২০২৩ খ্রি: তারিখের ৩১.০২.৪৯৬১.০০০.০২.০৪১.২৩-১২৯৫ স্মারকে জনাব মোঃ ফিরোজ আহমেদ, অফিস সহায়ক, ইউনিয়ন ভূমি অফিস, কেদার, নাগেশ্বরী, প্রেষণে- উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ২৮/০৩/২০২৩ হতে ০৯/০৪/২০২৩ পর্যন্ত ১৩(তেরা) দিন, ১২/০৭/২০২৩ হতে ১৯/০৭/২০২৩ পর্যন্ত ০৬(ছয়) দিন, ৩০/০৭/২০২৩ হতে ১২/০৯/২০২৩ পর্যন্ত ৪৫ (পঁয়তাল্লিশ) দিন ও ১৩/০৯/২০২৩ হতে ০৮/১০/২০২৩ পর্যন্ত ২৬(ছাব্বিশ) দিন অর্থাৎ ৩০/০৭/২০২৩ খ্রি: হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ধারা ৩ (খ) 'অসদাচরণ' (Misconduct) ও ৩ (গ) 'পলায়ন' (Desertion) এর দায়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার নিকট প্রেরণ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত কর্মচারী এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি। ফলে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটি ধারাবাহিক কার্যক্রমে সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।


২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ ওয়াজেদ ওয়াসীফ, রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম স্মারক নং ৩১.৪৭.৪৯০০.০০৬.২৬.০৪১.১৯-৪০১ তারিখ: ০৮/০৪/২০২৪ খ্রি: মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন দৃষ্টে দেখা যায় যে, জনাব মোঃ ফিরোজ আহমেদ, অফিস সহায়ক, ইউনিয়ন ভূমি অফিস, কেদার, নাগেশ্বরী, প্রেষণে- উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ধারা ৩ (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি (৯) অনুযায়ী গুরুদন্ডের আওতায় তাকে কেন চাকরি থেকে "বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয়বার কারণ দর্শানোর নোটিশ এ কার্যালয়ের ০৬/০৫/২০২৪ খ্রি: তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.১৭.২৯০.১৮-৫২৯ স্মারকে প্রদান করা হয়। তিনি উক্ত নোটিশ ০৮/০৪/২০২৪ খ্রি: তারিখে গ্রহণ করেন। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত কর্মচারী এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি।

৪। যেহেতু, জনাব মোঃ ফিরোজ আহমেদ, অফিস সহায়ক, ইউনিয়ন ভূমি অফিস, কেদার, নাগেশ্বরী, প্রেষণে- উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ধারা ৩ (খ) 'অসদাচরণ' (Misconduct) ও ৩ (গ) 'পলায়ন' (Desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী জনাব মোঃ ফিরোজ আহমেদ, অফিস সহায়ক, ইউনিয়ন ভূমি অফিস, কেদার, নাগেশ্বরী, প্রেষণে- উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রামকে ৩০/০৭/২০২৩ খ্রি: তারিখ থেকে সরকারি চাকরি হতে বরখাস্ত "(Dismissal from Service)" করা হলো।

৬। বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে রুজুকৃত মামলা নম্বর ০১/২০২৩ নিষ্পত্তি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২২
ই মেইল- dckurigram@mopa.gov.bd

স্মারক নং ৩১.৪৭.৪৯০০.০০৬.১৭.২৯০.১৮- ৮৪৭

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১
১৪ জুলাই ২০২৪

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। জেলা প্রশাসক,(সকল)।
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), কুড়িগ্রাম।
- ৭। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ট্রেজারি অফিসার/জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম।
- ৮। সহকারী কমিশনার (ভূমি),(সকল), কুড়িগ্রাম।
- ৯। সহকারী কমিশনার, শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ✓ ১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১১। জেলা একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, কুড়িগ্রাম।
- ১২। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, (সকল), কুড়িগ্রাম।
- ১৩। জনাব মোঃ ফিরোজ আহমেদ (চাকরি হতে বরখাস্তকৃত), অফিস সহায়ক, ইউনিয়ন ভূমি অফিস, কেদার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
প্রেষণে- উপজেলা ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম। স্থায়ী ঠিকানা: গ্রাম: হরিকেশ, ডাকঘর: কুড়িগ্রাম, উপজেলা: কুড়িগ্রাম সদর,
জেলা: কুড়িগ্রাম।
- ১৪। অফিস আদেশ/ব্যক্তিগত নথি।

↓সচিব
জেলা প্রশাসক ১৪/৭/২০২৪
কুড়িগ্রাম।

৪.